

ভারতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক নৌ মহড়া 'মিলান-২০১৮' এ অংশ নিতে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ধলেশ্বরী এর চট্টগ্রাম ত্যাগ

ভারতের আন্দামান ও নিকবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ারে অনুষ্ঠিতব্য ১০ম আন্তর্জাতিক নৌ মহড়া MILAN-2018 এ অংশ নিতে নৌবাহিনী যুদ্ধ জাহাজ ধলেশ্বরী শনিবার (০৩-০৩-২০১৮) দুপুরে চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ করে। এসময় কমান্ডার বিএন ফ্লিট রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাহাজটিকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানান। এছাড়া স্থানীয় উচ্চ পদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।



ভারতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক নৌ মহড়া 'MILAN-2018' এ অংশ নিতে নৌবাহিনী যুদ্ধজাহাজ ধলেশ্বরী শনিবার (০৩-০৩-২০১৮) দুপুরে চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ করে।

জাহাজটি আগামী ০৬ হতে ১৩ মার্চ ভারতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক নৌ মহড়া MILAN-2018 এর বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করবে। জাহাজের অধিনায়ক ক্যাপ্টেন এম মহব্বত আলী এর নেতৃত্বে প্রশিক্ষণার্থী কর্মকর্তাসহ মোট ১৫৭ জন নৌসদস্য এই মহড়ায় অংশগ্রহণ করবেন। জাহাজটির এ মহড়ায় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ নৌবাহিনীর প্রশিক্ষণার্থী কর্মকর্তা, ক্যাডেট ও নাবিকদের পেশাগত মান উন্নয়নের পাশাপাশি বন্ধুপ্রতীম দেশসমূহের সাথে সামরিক সুসম্পর্ক জোড়দার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। উক্ত মহড়ায় বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের নৌবাহিনীর জাহাজ, নৌ পর্যবেক্ষক এবং নৌ সমর বিশারদগণ অংশগ্রহণ করবেন। মহড়া শেষে জাহাজটি আগামী ১৬ মার্চ ২০১৮ তারিখে দেশে প্রত্যাবর্তন করবে।